কালীগঞ্জে দখলে দখলে চিত্রা নদী আজ সরু খাল

ঝিনাইদহের কালীগঞ্জের চিত্রা নদীর জায়গা দখল চলে আসছে দীর্ঘদিন ধরে। সময় গড়ানোর সাথে সাথে নতুন নতুন দখলবাজদের আবির্ভাব ঘটে। নিয়ন্ত্রণ না থাকায় ক্ষমতার পালাবদলে দখলবাজদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পেয়েছে। স্থানীয় প্রভাবশালীরা নদীর জমিতে বসতবাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। আবার জায়গা আয়ত্তে রাখতে কাটা হয়েছে ছোট বড় পুকুর। কেউ কেউ নদী দখল করে পরিণত করেছে ফসলি মাঠে। এখন দখল বাদে নদীর মাঝখানে যতটুকু জায়গা আছে দূর থেকে মনে হচ্ছে যেন সরু খাল। আবার এখানেই চলছে দূষণ সৃষ্টির পাল্লা। সর্বোপরি খননের অভাবে অস্তিত্ব সংকটে পড়েছে এ নদীটি।

চিত্রার পাড়ের বাসিন্দা আজিজুল জানান, এক সময়ের প্রমত্তা চিত্রা নদীটি আজ অস্তিত্ব সঙ্কটে। দেশের দক্ষিণাঞ্চলের কয়েকটি জেলার সংযোগকারী এ নদীর ঝিনাইদহের কালীগঞ্জ অংশের নিমতলা ও মধুগঞ্জ বাজার সংলগ্ন এলাকার দু’পাশে দেদারছে ফেলা হচ্ছে ময়লা আবর্জনা। ড্রেন দিয়ে নদীতে চলে যাচ্ছে বর্জ্য। ফলে যতটুকু পানি আছে তা দূষিত হয়ে যাচ্ছে। দু’পাড় থেকে জায়গা দখল করে তৈরি করা হয়েছে ব্যবসা প্রতিষ্ঠান, বসতবাড়ি, বড় বড় ভবন। দখলের কবলে ৩৯ মিটার প্রস্থের নদীটি এখন মরা খালে পরিণত হয়েছে। এখন যতটকু জায়গা আছে তা মাত্র কয়েক মিটার প্রশস্ত হবে। দিনের পর দিন এক শ্রেণির প্রভাবশালী মানুষ নদী দখল করলেও যেন দেখার কেউ নেই। এখন মাটি ভরাট হয়ে বর্ষাকালে কিছুটা পানি থাকলেও শুকনা মৌসুমে পানি চোখে পড়ে না বললেই চলে। চিত্রা হারিয়ে ফেলেছে তার নাব্যতা। এ অবস্থা চললেও প্রভাবশালীদের ভয়ে কিছু বলতেও পারে না সাধারণ মানুষ। ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার মধ্যে দিয়ে প্রবাহিত ঐতিহ্যবাহী চিত্রা নদীর তীর ঘুরে দেখা যায়, নদীর দুই তীর দখল করে মাটি দিয়ে ভরাট করে তৈরি করা হয়েছে পাকা বাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান, ক্লাব ঘর, বিভিন্ন দলের অফিস সহ নানা প্রতিষ্ঠান। সমাজসেবক সদর উদ্দীন বলেন, মাটি এবং বর্জ্য দিয়েও নদী ভরাট করা হচ্ছে। তিনি বলেন, আজ নদীর সাথে সংযুক্ত খালেও নেই পানি। এর ফলে প্রভাব পড়েছে কৃষি জমির সেচ কাজেও।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুবর্ণা রানী সাহা জানান, নদীগুলো সরেজমিন পরিদর্শন করে অবৈধ দখলবাজদের চিহ্নিত করা

হয়েছে। এদের দ্রুতই উচ্ছেদ করা হবে। এর আগে নদীগুলোতে যারা বাধ দিয়ে নদীর স্বাভাবিক গতি প্রবাহ বন্ধ করেছিল তাদের বিরদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ব্যবস্থা নেয়া হয়েছে। নদীগুলোতে দূষণ চলছে এমন অভিযোগ পেয়ে মোবাইল কোর্ট পরিচালনা করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা অব্যাহত রয়েছে। উপরি নির্দেশনা মোতাবেক চিত্রা দখলমুক্ত করবেন বলে আশ্বাস দেন তিনি।

ঝিনাইদহে সপ্তাহব্যাপী নারীদের আত্মরক্ষা প্রশিক্ষণের উদ্বোধন

ঝিনাইদহে সপ্তাহ ব্যাপী নারীর আত্মবিশ্বাস বৃদ্ধি ও নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে আত্মরক্ষা মূলক প্রশিক্ষণ শুরু হয়েছে। বৃহস্পতিবার সকালে শহরের সোতোকান কারাতে দো স্কুলে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রোগ্রাম অফিসার খন্দকার শরিফা আক্তার।
এ সময় উপস্থিত ছিলেন, ক্রীড়া সংগঠক জয়নাল আবদীন, প্রথম আলো বন্ধু সভার উপদেষ্টা খন্দকার আব্দুল হামিদ, শামীম আহম্মেদ, প্রথম আলো বন্ধু সভা জেলা কমিটির আহ্বায়ক শাকিব মোহাম্মদ আল হাসান। অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনটির সদস্য মায়িসা রহমান।

প্রথম আলো বন্ধুসভার আয়োজনে বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এ প্রশিক্ষণ চলবে সপ্তাহব্যাপী। এতে জেলা শহরের বিভিন্ন স্কুল ও কলেজের ৪০ জন ছাত্রীকে প্রশিক্ষণ প্রদান করবেন সোতোকান কারাতে দো স্কুলের পরিচালক সাংবাদিক কাজী আলি আহম্মেদ লিকু। প্রতিদিন সকাল ৯ টা থেকে ১১ টা পর্যন্ত চলবে এ প্রশিক্ষণ।

ঝিনাইদহে ফ্রেন্ডলি টি-২০ ক্রিকেট অনুষ্ঠিত

ঝিনাইদহে ফ্রেন্ডলি টি-২০ ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে ক্রীড়া সংগঠক রাইসুল ইসলাম আসাদ এর পৃষ্ঠপোষকতায় এ ম্যাচের আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ম্যাচ উদ্বোধন করেন ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাসার। এ সময় উপস্থিত ছিলেন শওকত মেমোরিয়াল ক্রিকেট একাডেমীর পরিচালক সৌরভ হোসেন, জেএসপি’র সভাপতি মিজানুর রহমান মিজু, পরিবেশক সমিতির সভাপতি ওয়ালিদ হাসান শিপার, ব্যবসায়ী নজরুল ইসলাম প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি আবুল বাসার বলেন, সবলদেহ ও মানসিক উৎকর্ষ সাধনের জন্য লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের খেলাধুলার গুরুত্ব দিতে হবে। এর আগে ক্রীড়া সংগঠক রাইসুল ইসলাম আসাদ এর পক্ষ থেকে খেলোয়াড়দের জার্সিসহ ক্রীড়া উপকরণ প্রদান করা হয়।

কোটচাঁদপুরে উপজেলা বিএনপি’র কমিটি বাতিলের দাবিতে সংবাদ সম্মেলন

ত্যাগী নেতা-কর্মীদের উপেক্ষা করে আহ্বায়ক কমিটি গঠনের প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র একাংশের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকালে থানা বিএনপি কার্যালয়ে আয়োজিত বিএনপি’র একাংশের এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, সাবেক থানা বিএনপি’র সভাপতি মোঃ সিরাজুল ইসলাম।

লিখিত বক্তব্যে তিনি বলেন, থানা বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের ত্যাগী নেতা-কর্মীদের উপেক্ষা করে দালালদের নিয়ে গঠিত বির্তকিত আহ্বায়ক কমিটি বাতিল করতে হবে। একই সঙ্গে অবিলম্বে নতুন করে সর্বজন গ্রহণযোগ্য থানা আহ্বায়ক কমিটি গঠনের দাবি করা হয়।

সংবাদ সম্মেলনে জানানো হয় জেলা কমিটির আহ্বায়ক এ্যাডঃ মশিয়ার রহমান, সদস্য সচিব আব্দুল মজিদসহ অধিকাংশ নেতৃবৃন্দের সাথে আলাপ করে কোটচাঁদপুর বিএনপি’র সহাবস্থানের জন্য আমাদেরন পক্ষ থেকে একটা খসড়া তালিকা জমা দেওয়া হয়। আমাদের বিপরীতে সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাকের নেতৃত্বে আরো একটা খসড়া তালিকা জমা দেওয়া হয়। এ ক্ষেত্রে আমাদের প্রস্তাব ছিল সুষ্ঠু সাংগঠনিক অবস্থা বজায় রাখতে উভয় পক্ষ হতে সমন্বয় করে কমিটি প্রণয়ন করতে একটি প্রস্তবনা দেওয়া হয়। কিন্তু দুঃখের বিষয় গত ০৭.০৩.২০২০ তারিখে জেলা আহ্বায়ক ও সদস্য সচিব স্বাক্ষরিত ৪১ সদস্যের একটি কমিটি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হয়। প্রকাশিত এ কমিটিতে থানা বিএনপি’র সভাপতি ও সাধারণ সম্পাদক পদে দায়িত্ব পালনকারি নেতৃবৃন্দকে কোন পদে রাখা হয়নি। ফলে গেল ১১.০৩.২০২০ তারিখে আহ্বায়ক কমিটি থেকে ৪ জন যুগ্ম-আহবায়ক সহ ১৬ জন সদস্য পদত্যাগ করেন। সংবাদ সম্মেলনে জেলা আহবায়ক কমিটির সদস্য সচিবের আচরণে বিস্ময় প্রকাশ করা হয়।

সংবাদ সম্মেলনে এ সময় উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ নূরুজ্জামান, উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মোঃ গোলাম ফারুক, সাবেক সাংগঠনিক সম্পাদক আইস উদ্দীন, সাবেক থানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি মোঃ কামরুজ্জামান সিদ্দিক সহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা।

কোটচাঁদপুরে উপজেলা বিএনপি’র কমিটি বাতিলের দাবিতে সংবাদ

সম্মেলন

ত্যাগী নেতা-কর্মীদের উপেক্ষা করে আহ্বায়ক কমিটি গঠনের প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র একাংশের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে থানা বিএনপি কার্যালয়ে আয়োজিত বিএনপি’র একাংশের এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, সাবেক থানা বিএনপি’র সভাপতি মোঃ সিরাজুল ইসলাম।

লিখিত বক্তব্যে তিনি বলেন, থানা বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের ত্যাগী নেতা-কর্মীদের উপেক্ষা করে দালালদের নিয়ে গঠিত বির্তকিত আহ্বায়ক কমিটি বাতিল করতে হবে। সেই সাথে অবিলম্বে নতুন করে সর্বজন গ্রহণযোগ্য থানা আহ্বায়ক কমিটি গঠনের দাবি করা হয়। সংবাদ সম্মেলনে জানানো হয় জেলা কমিটির আহ্বায়ক এ্যাডঃ মশিয়ার রহমান, সদস্য সচিব আব্দুল মজিদসহ অধিকাংশ নেতৃবৃন্দের সাথে আলাপ করে কোটচাঁদপুর বিএনপি’র সহাবস্থানের জন্য আমাদেরন পক্ষ থেকে একটা খসড়া তালিকা জমা দেওয়া হয়। আমাদের বিপরীতে সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাকের নেতৃত্বে আরো একটা খসড়া তালিকা জমা দেওয়া হয়।

এ ক্ষেত্রে আমাদের প্রস্তাব ছিল সুষ্ঠু সাংগঠনিক অবস্থা বজায় রাখতে উভয় পক্ষ হতে সমন্বয় করে কমিটি প্রণয়ন করতে একটি প্রস্তবনা দেওয়া হয়। কিন্তু দুঃখের বিষয় গত ০৭.০৩.২০২০ তারিখে জেলা আহ্বায়ক ও সদস্য সচিব স্বাক্ষরিত ৪১ সদস্যের একটি কমিটি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হয়।

প্রকাশিত এ কমিটিতে থানা বিএনপি’র সভাপতি ও সাধারণ সম্পাদক পদে দায়িত্ব পালনকারি নেতৃবৃন্দকে কোন পদে রাখা হয়নি। ফলে গেল ১১.০৩.২০২০ তারিখে আহ্বায়ক কমিটি থেকে ৪ জন যুগ্ম-আহবায়ক সহ ১৬ জন সদস্য পদত্যাগ করেন। সংবাদ সম্মেলনে জেলা আহবায়ক কমিটির সদস্য সচিবের আচরণে বিস্ময় প্রকাশ করা হয়।

সংবাদ সম্মেলনে এ সময় উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ নূরুজ্জামান, উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মোঃ গোলাম ফারুক, সাবেক সাংগঠনিক সম্পাদক আইস উদ্দীন, সাবেক থানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি মোঃ কামরুজ্জামান সিদ্দিক সহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা।

ঝিনাইদহে মাস্ক বিহীন চলাচল করায় ১১ জনের জরিমানা

ঝিনাইদহ শহরের পোষ্ট অফিস মোড়ে অভিযান চালিয়ে মাস্ক বিহীন চলাফেরা করার অপরাধে ১১ জনকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ইরফানুল হক এ অভিযান পরিচালনা করেন। এসময় তিনি সরকারি দন্ডবিধি অনুযায়ী যারা মাস্ক বিহীন চলাচল করছিলেন এমন ১১ জনের কাছে থেকে ২০০ টাকা করে জরিমানা আদায় করেন এবং প্রত্যেককে মাস্ক ব্যবহার করার জন্য সতর্ক করে দেন।

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে মাস্ক পরা বাধ্যতামূলক করা হয়েছে। না পরলে দণ্ডবিধি অনুয়ায়ী অপরাধ হিসেবে দোষী সাব্যস্ত করে জরিমানার বিধান করা হয়েছে। এছাড়াও সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা “নো মাস্ক, নো সার্ভিস” এর ঘোষনা দিয়েছেন।

ঝিনাইদহে ‘সংশপ্তক’ কর্তৃক ফ্রি-মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহের সদর উপজেলার চন্ডিপুর জোয়ার্দার পাড়া ও লষ্কারপাড়া নূরানী মাদ্রাসা প্রাঙ্গণে বুধবার সকাল নয়টায় ফ্রি মেডিক্যাল ক্যাম্প সহ রক্তের গ্রুপ নির্ণয় করেন স্বেচ্ছাসেবী সংগঠন ‘সংশপ্তক’।

করোনা বিপর্যয়ের কারণে যখন প্রত্যন্ত অঞ্চলের মানুষের চিকিৎসা সেবা পেতে পড়তে হচ্ছে বিড়ম্বনায়, ঠিক সেই সময়ে বিনামূল্যে

চিকিৎসা সেবা প্রদান করে চলেছেন সংশপ্তক নামক সামাজিক সংগঠন । মানব কল্যাণের ধারাবাহিকতায় পূর্বে আরো দুইটি ফ্রি মেড্যিাকল ক্যাম্পেইন সম্পন্ন করে সংগঠনটি। এতে উপকৃত হন অত্র এলাকার সাধারণ মানুষ।

ফ্রি মেডিক্যাল ক্যাম্পে চিকিৎসা সেবা দিতে আসেন ডাঃ ফাইনুল ইসলাম (মেডিক্যাল অফিসার, সনো হাসপাতাল, কুষ্টিয়া)। রক্তের গ্রুপ নির্ণয় করেন, শিউলি আক্তার (আল-আকসা ডায়াগনস্টিক সেন্টার, ডাকবাংলা বাজার)।

এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হারুন অর রশিদ, মনিরুল ইসলাম, শমসের আলী জোয়ার্দার, আব্দুর রাজ্জাক লষ্কার সহ সংশপ্তকের সকল সদস্যবৃন্দ।

সংশপ্তক সংগঠনের সভাপতি মো: আলমগীর হোসাইন বলেন, ” সংশপ্তক” সংগঠনটি সামাজিক সেবা ও অসহায়, দু:স্থ, দরিদ্র মানুষের পাশে থাকবে সর্বদা। সংশপ্তক সংগঠনটি এমন ভাবে সাধারণ মানুষের মাঝে চিকিৎসা সেবা দিয়ে যাবেন আগামীতেও। তিনি আরও বলেন, যে ব্যক্তি অন্যের কল্যাণের ইচ্ছা পোষণ করে সে প্রকৃত পক্ষে নিজের কল্যাণই নিশ্চিত করে। শতাব্দীর পর শতাব্দী ধরে এমন সব সামাজিক কার্যক্রম ব্যবস্থা সমাজের জন্য পাথেয় হিসেবে কাজ করে যাবে সামাজিক সংগঠন ‘ সংশপ্তক’।

ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের চন্ডিপুর-পার্বতীপুর গ্রামের চাকরিজীবী, প্রবাসী, যুব ও ছাত্র সমাজকে নিয়ে গড়ে উঠেছে এই সমাজকল্যাণমূলক সংগঠন ‘সংশপ্তক’। গ্রামের দরিদ্র, অসহায়, এতিম প্রতিবন্ধীদের শিক্ষা, চিকিৎসা, কর্মসংস্থান সহ অন্যান্য সহযোগিতায় কাজ করে চলেছে সংশপ্তক।

কালীগঞ্জে অনলাইনে জন্ম

নিবন্ধন সম্পর্কিত কর্মশালা অনুষ্ঠিত

বুধবার সকাল দশটায় ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা সেমিনার কক্ষে অনলাইনে জন্ম নিবন্ধন সম্পর্কিত এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

স্থানীয় সরকার বিভাগের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় এর জন্ম ও মৃত্যু নিবন্ধন (প্রশাসন শাখা) কর্তৃক আয়োজিত জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট আইন, বিধিমালার যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণ, কার্যক্রম সম্প্রসারণ, উদ্ভাবন এবং BDRIS সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত সমন্বিত অনলাইন প্রশিক্ষণের আয়োজন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলার নির্বাহী অফিসার সুবর্ণা রানী সাহা, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, সহকারী কমিশনার (ভূমি) ভূপালী সরকার সহ উপজেলার বিভিন্ন কর্মকর্তা, উপজেলার সকল ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও উদ্যোক্তা, বিভিন্ন এনজিও প্রতিনিধি, বিভিন্ন ধর্মীয় নেতা, সুশীল সমাজের প্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

এ সময় কর্মশালার বক্তাগণ বাচ্চার জন্মের ৪৫ দিনের মধ্যে জন্মনিবন্ধন করানো এবং মারা যাওয়ার পর দ্রুততম সময়ে মৃত্যু সনদ গ্রহণের তাগিদ দেন।

কালীগঞ্জে তরিকুল ইসলামের মৃত্যু বার্ষিকীতে আলোচনা ও দোয়া মাহফিল

ঝিনাইদহের কালীগঞ্জে সাবেক মন্ত্রী ও বিএনপি’র স্থায়ী কমিটির

প্রয়াত সদস্য তরিকুল ইসলামের ২য় মৃত্যু বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
বুধবার সকালে শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম-আহবায়ক ডা: নুরুল ইসলাম, আয়নাল হাসান, তবিবুর রহমান মিনি, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম-আহবায়ক নজরুল ইসলাম তোতা, নজরুল ইসলাম, উপজেলা বিএনপির যুগ্ম-আহবায়ক শহিদুল ইসলাম সাইদুল, পৌর বিএনপির যুগ্ম-আহবায়ক আনোয়ার হোসেন, জাবেদ আলী, মোহাম্মদ আলী জিন্নাহ, উপজেলা বিএনপি নেতা লিয়াকত আলী মাস্টার, আলী মোর্তুজা লিটু, প্রভাষক মুসা করিম, আবু বক্কর রাজু, জাহিদ হাসান, পৌর বিএনপি নেতা শওকত হোসেন ফেলু, আব্দুর রব, মহিউদ্দিন মহি, ফারুক হোসেন, শাহাজান আলী, উপজেলা যুবদল নেতা সুজাউদ্দিন পিয়াল, মোস্তফা কামাল টিটো, মঞ্জুরুল ইসলামত খোকা, আজিজুল ইসলাম লস্কার,

পৌর যুবদল নেতা জাহিদুল ইসলাম জাহিদ, ফিরোজ কবির, আসাদুল ইসলাম আসাদ, আব্দুল লতিফ, ইমরান হোসেন, টিটন হোসেন, জাকির হোসেন, আতিয়ার রহমান মেম্বর, শ্রমিক দলের আব্বাস উদ্দিন, ফরিদ হোসেন, সবুজ হোসেন, মৎস্যজীবী দলের পৌর আহবায়ক নাজমুল কবির রিপন, পৌর তাঁতীদলের সদস্য সচিব জাহাঙ্গীর হোসেন, কৃষকদলের দলের নেতা আমিন মোল্লা, রুহুল আমিন মেম্বর, স্বেচ্ছাসেবক দলের নেতা দেলোয়ার হোসেন, সোহেল রানা,

এসএম মাসুম পারভেজ, জাহাঙ্গীর হোসেন, আলমগীর হোসেন আলম, ঢাকা মহানগর দক্ষিণ ছাত্রদলের সহসভাপতি রাশিদুজ্জামান তুফান, উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম-আহবায়ক আলাউদ্দিন আলা, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম-আহবায়ক আশরাফুল ইসলাম নিরব, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম-আহবায়ক আলামিন হোসেন প্রমুখ।

এ সময় বক্তারা বলেন, মরহুম তরিকুল ইসলাম ছিলেন গণমানুষের রাজনীতির সাথে আজীবন যুক্ত। দেশ ও দশের প্রতি সহমর্মী এই মানুষটি সবসময় নিজ আদর্শে ছিলেন অবিচল। জাতীয়তাবাদী রাজনীতির কল্যাণে গণমানুষের ভাগ্যের পরিবর্তন ঘটিয়ে সামাজিক ন্যায়বিচার ভিত্তিক

শোষণমুক্ত সমাজ এবং গণতান্ত্রিক, মানবিক ও কল্যাণমুখী রাষ্ট্র প্রতিষ্ঠাই ছিল মরহুম তরিকুল ইসলামের রাজনীতির মূল লক্ষ্য। এ লক্ষ্যে তিনি নিরলস ভাবে কাজ করেছেন আজীবন।

শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যানের মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি শিকদার মোশারফ হোসেন সোনা (৭০) মারা গেছেন। হৃদ রোগে আক্রান্ত হয়ে বুধবার সকাল সাড়ে ১০টার দিকে ঝিনাইদহ সদর হাসপাতালে তিনি মারা যান।

এ তথ্য নিশ্চিত করেন শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকাল্পনা কর্মকর্তা ডা. রাশেদ আল মামুন।

ডা. রাশেদ জানান বুধবার সকালে তিনি নিজ বাড়িতে অসুস্থ হলে সকাল সাড়ে ৯টার দিকে সরকারী এ্যম্বুলেন্সে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়া হয়। এরপর সকাল সাড়ে ১০টার দিকে চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

শিকদার মোশারফ হোসেন শৈলকুপা উপজেলা পরিষদের পর পর দুইবার নির্বাচিত চেয়ারম্যান ছিলেন।

তার মৃত্যুতে ঝিনাইদহ ১ শৈলকুপা আসনের সংসদ সদস্য ও ঝিনাইদহ জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে বলেছেন তিনি দীর্ঘদিনের রাজনৈতিক সহযোদ্ধাকে হারালেন।

এছাড়া শোক প্রকাশ করেছে উপজেলা আওয়ামীলীগ, অংগ সংগঠন ও বিভিন্ন সামাজিক সংগঠন।